

প্রাথমিক সমাপনী পরীক্ষা আজ

শুরু

৩১ লাখ পরীক্ষার্থী

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রবিবার, ১৮ নভেম্বর ২০১৮

আজ শুরু হচ্ছে
পঞ্চম শ্রেণীর
প্রাথমিক ও
এবতেদায়ি শিক্ষা
সমাপনী পরীক্ষা।
এ পরীক্ষায় বসছে
৩০ লাখ ৯৫
হাজার ১২৩ জন



ক্ষুদে শিক্ষার্থী। এবার পরীক্ষায় বহুনির্বাচনী প্রশ্ন
(এমসিকিউ) বাদ দেয়া হয়েছে। এই পরীক্ষা
চলবে ২৬ নভেম্বর পর্যন্ত। প্রথম দিন ইংরেজি
বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান
ইতোমধ্যে জানিয়েছেন, পরীক্ষা চলাকালীন
সময়ে সব ধরনের কোর্চিং সেন্টার বন্ধ থাকবে। এ
বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা দেয়া
হয়েছে।

প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে বেলা ১টা
পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশেষ

চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা আত্মরক্ত ৩০ মিনিট বেশি সময় পাবে।

এ বছর সাত হাজার ৪১০টি কেন্দ্রে এ সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর মধ্যে দেশের অভ্যন্তরে সাত হাজার ৩৯৮টি এবং দেশের বাইরে ১২টি কেন্দ্র। দুর্গম এলাকার ২০৪টি কেন্দ্রে বিশেষ ব্যবস্থায় প্রশ্নপত্র পাঠানো হয়েছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র ১২ লাখ ৭৮ হাজার ৭৪২ জন ও ছাত্রী সংখ্যা ১৪ লাখ ৯৮ হাজার ৫২৮ জন। গত বছরের তুলনায় এ বছর শিক্ষার্থী কমেছে ২৮ হাজার ৮২৬ জন।

আর মাদ্রাসার এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার তিন লাখ ১৭ হাজার ৮৫৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ছাত্র সংখ্যা এক লাখ ৬৬ হাজার ৮১৪ এবং ছাত্রী এবং লাখ ৫১ হাজার ৩৯ জন। এ পরীক্ষায় গত বছরের তুলনায় ২৩ হাজার ৪৭২ জন ছাত্রছাত্রী বেশি।

প্রাথমিক সমাপনীতে তিন হাজার ৬৩ জন এবং এবতেদায়ি শিক্ষা সমাপনীতে ২৩১ জনসহ মোট তিন হাজার ২৯৪ জন বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা দেশের সর্ববৃহৎ পরীক্ষা। পরীক্ষার দায়িত্ব পালনে নুযুনতম অবহেলা বা অনিয়মের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে বলে গণশিক্ষামন্ত্রী জানিয়েছেন।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সূচি : ১৮ নভেম্বর ইংরেজি; ১৯ নভেম্বর বাংলা; ২০ নভেম্বর

বাংলাদেশ ও বিশ্ব পারিচয়; ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান; ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার সূচি : ১৮ নভেম্বর ইংরেজি; ১৯ নভেম্বর বাংলা; ২০ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান; ২২ নভেম্বর আরবি; ২৫ নভেম্বর গণিত এবং ২৬ নভেম্বর কোরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকাহ। ছয় বিষয়ে ১০০ নম্বর করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।